

Model Question : 2023-24

Class : XII

Subject: Political Science

Time : 3 Hours 15 Minutes

Total Marks : 80

(The figures in the margin indicate full marks.)

I. সঠিক উত্তরটি বাছাই করো:-

১ x ১০ = ১০

১. সোভিয়েত ইউনিয়নের সর্বশেষ নেতা ছিলেন-

ক) ভ্লাদিমির লেনিন

খ) জোসেফ স্টালিন

গ) মিখাইল গর্বাচেভ

ঘ) বরিস ইয়েলেৎসিন

২. ইউরোপীয় ইউনিয়নের মুদ্রার নাম হল-

ক) ডলার

খ) ইউরো

গ) রুবেল

ঘ) রুপি

৩. বাংলাদেশ নামে নতুন স্বাধীন দেশ আবির্ভূত হয়-

ক) ১৯৫০ সালে

খ) ১৯৬৫ সালে

গ) ১৯৭১ সালে

ঘ) ১৯৮০ সালে

৪. বৈশ্বিক সম্পদের সুরক্ষার ক্ষেত্রে সমাঠিত পৃথক দায়িত্বশীলতার নীতি গ্রহণ করা হয়-

ক) ১৯৯২ সালের আর্থ সম্মেলনে

খ) ১৯৬১ সালের বেলগ্রাদ সম্মেলনে

গ) ১৯৮৭ সালের মন্ট্রিল প্রটোকলে

ঘ) ১৯৯৭ সালের কিউটো প্রটোকলে

৫. বিশ্বায়নের একমাত্র কারণ সম্পর্কে সঠিক মন্তব্যটি হল-

ক) প্রযুক্তি হলো বিশ্বায়নের একমাত্র কারণ

খ) বিশ্বায়নের একমাত্র কারণ হলো বিশেষ জনসম্প্রদায়

গ) বিশ্বায়নের জন্ম মার্কিন যুক্তরাষ্ট্রে

ঘ) অর্থনৈতিক ক্ষেত্রে পারস্পরিক নির্ভরশীলতাই হলো

বিশ্বায়নের একমাত্র কারণ

৬. গনভোটের মাধ্যমে ভারতের সাথে যুক্ত হওয়ার ইচ্ছা প্রকাশ করে-

ক) হায়দ্রাবাদ

খ) কাশ্মীর

গ) মনিপুর

ঘ) জুনাগড়

৭. দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অগ্রাধিকার দেওয়া হয়-

ক) দুগ্ধ- উৎপাদনে

খ) কৃষি উৎপাদনে

গ) শিল্পায়নে

ঘ) বস্ত্র উৎপাদনে

৮. ভয়ঙ্কর দশক বলা হয়-

ক) ১৯৫০ এর দশককে

খ) ১৯৬০ এর দশককে

গ) ১৯৭০ এর দশককে

ঘ) ১৯৮০ এর দশককে

৯. সি.পি.আই.এম.এল. (CPIML) দলটি গঠন করেন-

- | | |
|-----------------------|---------------------------|
| ক) জয় প্রকাশ নারায়ন | খ) রাম মনোহর লোহিয়া |
| গ) চারু মজুমদার | ঘ) শ্যামা প্রসাদ মুখার্জি |

১০. ১৯৮৯ সালে কেন্দ্রে সরকার গঠন করেন-

- | | |
|----------------------|------------------|
| ক) ইউ.পি.এ. জোট | খ) এন.ডি.এ. জোট |
| গ) জাতীয় মোর্চা জোট | ঘ) কমিউনিষ্ট জোট |

II. একটি পূর্ণ বাক্যে উত্তর দাও:-

১ x ২০ = ২০

১১. ঠান্ডা যুদ্ধ শব্দটি প্রথম কে প্রয়োগ করেন?
১২. নিজেটি আন্দোলনের একজন স্থপতির নাম লেখ।
১৩. এশিয়ার সমষ্টিগত নিরাপত্তা ব্যবস্থার প্রস্তাবক কে ছিলেন?
১৪. আসিয়ানের প্রাথমিক উদ্দেশ্য কি ছিল?
১৫. দক্ষিণ এশিয়ার কোন দেশটি সুলতানি শাসন ব্যবস্থার আওতাধীন ছিল?
১৬. “সম্মিলিত জাতিপুঞ্জ সমগ্র মানব সমাজকে স্বর্গে নিয়ে যাওয়ার জন্য নয় বরং নরকের নিপীড়ন থেকে সুরক্ষার করার জন্য সৃষ্টি করা হয়েছে”- উক্তিটি কার?
১৭. প্রথম বিশ্বযুদ্ধের পর কোন আন্তর্জাতিক সংগঠনটি তৈরী হয়?
১৮. এমন একটি বিষয়ের উল্লেখ কর যা বৈশ্বিক নিরাপত্তার ধারণটিকে উদভাবিত করে।
১৯. শরণার্থী কাদের বলা হয়?
২০. ‘লিমিটস টু গ্রোথ’ গ্রন্থটি কে প্রকাশ করেন?
২১. বিশ্বায়নের মূল উপকরণ কি?
২২. অন্ধ্রপ্রদেশ নামক পৃথক রাজ্য গঠনের জন্য কোন আন্দোলন সংগঠিত হয়?
২৩. সোশ্যালিস্ট পার্টির প্রতিষ্ঠাতা কে?
২৪. নীতি আয়োগ কত সালে প্রতিষ্ঠিত হয়?
২৫. তিব্বতের আধ্যাত্মিক নেতার নাম কি?
২৬. কে ব্যক্তিগত ব্যয় নির্বাহার্থে ‘ভাতার’ (Privy Purse) নীতির বিলুপ্তি সাধন করেন?
২৭. দ্রাবিড় কাজাগাম দল ভেঙ্গে কোন দলের প্রতিষ্ঠা হয়?
২৮. কোন অঞ্চলকে সাত বোনের অঞ্চল বলা হয়?
২৯. বি পি মন্ডল কে ছিলেন?
৩০. ১৯৭৮ সালে গঠিত পশ্চাদপদ এবং সংখ্যালঘু সম্প্রদায়ের কর্মচারীদের সংগঠনটির নাম কি ছিল?

III. সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (৪০টি শব্দের মধ্যে):-

২ x ৫=১০

৩১. সমষ্টিগত সম্পদ বলতে কি বুঝ?
৩২. বিশ্বায়নের যে কোন দুটি নেতিবাচক প্রভাবের উল্লেখ কর।
৩৩. ১৯৪৭ সালের ভারত বিভাজনের যে কোন দুটি ফলাফল উল্লেখ কর।
৩৪. জাতীয় জরুরী অবস্থা বলতে কি বুঝ?
৩৫. ভারতের উত্তর পূর্বাঞ্চলকে দক্ষিণ পূর্ব এশিয়ার প্রবেশদ্বার কেন বলা হয়?

IV. নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (৬০টি শব্দের মধ্যে):-

৩ x ২=৬

৩৬. নেপালের গণতান্ত্রিক ব্যবস্থার তিনটি প্রতিবন্ধকতা উল্লেখ কর।
৩৭. প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার খসড়া কে প্রণয়ন করেন? প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোন্ কোন্ দেশের খাতের উপর অগ্রাধিকার দেওয়া হয়?

১+২=৩

V. নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (৮০টি শব্দের মধ্যে):-

৪ x ৬=২৪

৩৮. অভিমান খেরাপি কি? সাম্যবাদ থেকে পুঁজিবাদী ব্যবস্থায় উত্তরণের পথে এটা কী সর্বোৎকৃষ্ট পন্থা ছিল?
৩৯. কিভাবে ইউরোপীয় ইউনিয়ন অত্যন্ত প্রভাবশালী সংগঠন হিসাবে পরিনত হয়?
৪০. নিরাপত্তা পরিষদে নতুন করে স্থায়ী ও অস্থায়ী সদস্য হিসাবে নির্বাচিত হওয়ার জন্য একটি রাষ্ট্রের কী কী গুণাবলি থাকার দরকার?
৪১. সামাজিক ও মতাদর্শগত জোট সদস্য হিসেবে কংগ্রেস দলের ভূমিকা আলোচনা কর।
৪২. ১৯৬৯ সালে কংগ্রেস দলে বিভাজনের প্রধান প্রধান কারণগুলো বিশ্লেষণ কর।
৪৩. ১৯৭৫ সালে জাতীয় জরুরী অবস্থা ঘোষিত হওয়ার চারটি প্রভাব আলোচনা কর।

VI. নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (১২০টি শব্দের মধ্যে):-

৪৪. ঠান্ডা যুদ্ধের প্রধান কারণগুলো আলোচনা কর।

অথবা

নতুন আন্তর্জাতিক অর্থনৈতিক ব্যবস্থা বলতে কি বুঝ? সম্মিলিত জাতিপুঞ্জ ১৯৭২ সালে বানিজ্য এবং উন্নয়ন বিষয়ের উপর সম্মেলনে বিশ্ব বানিজ্য ব্যবস্থা সংস্কারের লক্ষ্যে কোন্ কোন্ সুপারিশ করেছিল?

৪৫. ১৯৬২ সালের ভারত ও চীন এর যুদ্ধ সম্পর্কে আলোচনা কর।

অথবা

বর্তমান সময়ে জোট নিরপেক্ষ আন্দোলনের প্রাসঙ্গিকতা সম্পর্কে আলোচনা কর।
